দৈনিক বাংলা

তারিখ ২৭।৭।৮১ ... ... ...
পৃষ্ঠা... ... ... কলাম... ... ...



# বয়স্ক শিক্ষা অভিযান জোরদার করুন : প্রধানমন্ত্রী

ইতিমধ্যেই, গ্রামে গ্রামে চালু স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানসমূহের সাথে যোগাযোগ ও পল্লী এলাকায় প্রায়-শই সফরের মাধ্যমে বয়স্ক শিক্ষা অভিযান আরো জোরদার করার জন্য প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান গতকাল শিক্ষার দায়িত্ব অর্পিত এডিশনাল ডেপুটি কমিশনারদের প্রতি আহবান জানান।

বাসসর খবরে বলা হয়, গতকাল ঢাকায় জনশিক্ষা পরিদফতরের সম্মেলন কক্ষে এডিশনাল ডেপুটি কমিশনারদের এক সভায়, তিনি ভাষণ দিচ্ছিলেন।

শাহ আজিজ বলেন, মরহুম প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ঈপ্সিত কর্মসূচী ছিল গণশিক্ষা। আন্দোলন। তিনি বলেন, 'আমরা

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## প্রধানমন্ত্রী

(প্রথম পৃঃ পর)

তাঁর (জিয়ার) স্বপ্ন বাস্তবায়িত করতে ও দেশকে ১৯৮৫ সাল নাগাদ নিরক্ষরতার অভিশাপ থেকে মুক্ত করতে দৃঢ়প্রতিজ্ঞ।'

নির্দিষ্ট সময়কালের মধ্যে এ কর্মসূচী বাস্তবায়নে সরকার দৃঢ়-প্রতিজ্ঞ বলে তিনি পুনরায় উল্লেখ করেন।

প্রধানমন্ত্রী বলেন, 'এখন পর্যন্ত আমরা ৩০ লাখ পুরুষ ও নারীকে কাজ চালানোর মত শিক্ষা দিয়েছি।' তিনি বলেন, মরহুম প্রেসিডেন্টের অন্তিম ইচ্ছা অনুযায়ী এ ব্যাপারে পৃথক পরিদফতরও স্থাপিত হয়েছে।

তিনি আরও বলেন, 'আমরা প্রতি গ্রামে রেডিও সেট ও পাঠবস্তু সজ্জিত করে একটা করে পাঠাগার স্থাপনেরও সিদ্ধান্ত নিয়েছি।